মুজিবনগর উপজেলা বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

আসন্ন নির্বাচন উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুুতি সভা করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ বুধবার বিকাল ৪ টায় মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলামের সভাপতিত্বে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক কামরুল হাসান ।

প্রস্তুতি সভায় আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা বিএনপি’র সাবেক নির্বাচন কমিশনার, এ্যাড. নজরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবীর, সাধারন সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপি’র নেতাকর্মী বৃন্দসহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের দারিয়াপুরে বিএনপির গণসংযোগ ও পথযাত্রা

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও পথযাত্রা করেছে মুজিবনগর উপজেলা ও দারিয়াপুর ইউনিয়ন বিএনপি।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও (সাবেক) সংসদ সদস্য জাতীয়তাবাদী দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ধানের শীষের পক্ষে এ গণসংযোগ করা হয়। দারিয়াপুর ইউনিয়ন বিএনপি অফিসের সামনে থেকে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মোনাখালী খেলার মাঠে গিয়ে পদযাত্রা শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান। জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক আজিম উদ্দিন গাজী, উপজেলা সেচ্ছসেবক দলের আহ্বায়ক জুলফিক্কার আলী (ভুট্ট মেম্বার) সহ উক্ত গণসংযোগে উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি’র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ৮ নম্বর ওয়ার্ডে জাহাঙ্গীর বিশ্বাসের গণসংযোগ

মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে মেহেরপুর শহরের ৮ নম্বর ওয়ার্ডে ধানের শীষের পক্ষে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে শহরের হোটেল বাজার থেকে গণসংযোগের সূচনা

হয়। পরে নেতাকর্মীরা ৮ নম্বর ওয়ার্ডের বিভিন্ন পাড়া-মহল্লায় ঘুরে ধানের শীষের পক্ষে ভোট প্রার্থনা করেন।

এর আগে হোটেল বাজার এলাকায় এক পথসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সঞ্চালনা করেন, আব্দুস সাত্তার মুক্তার। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

পথসভায় আরও উপস্থিত ছিলেন, বিএনপি নেতা বাবু, হাবিব ইকবাল, মামুনুর রশীদসহ স্থানীয় নেতাকর্মীরা।

মেহেরপুরের ৯ নং ওয়ার্ডে অ্যাড. কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুরের ৯ নং ওয়ার্ডে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এক গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে এ গণসংযোগে তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং বিএনপ’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত রাষ্টকাঠামো মেরামতের ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন।

গণসংযোগে আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের প্রতিনিধিবৃন্দ।

মেহেরপুরে বিএনপি’র গণসংযোগ ও পথসভা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুরে গণসংযোগ ও পথসভা করেছে বিএনপি। গতকাল সোমবার বিকেলে সদর উপজেলার মনোহরপুর গ্রামে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের নেতৃত্বে গণসংযোগ ও পথসভা করা হয়।

উজুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে একটি মিছিল বের হয়ে মনোহরপুর গ্রামের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এর আগে সেখানে পথসভা করা হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

তিনি বলেন, মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। প্রয়োজনে আবারো করবে। এ দেশ শহীদ জিয়া পরিবারের হাতেই নিরাপদ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান প্রমুখ।

মেহেরপুরের কুতুবপুরে অ্যাড.

কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এক গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকেলে এ গণসংযোগে তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন।

গণসংযোগে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সুবিদপুর ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি কেনেডি, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের প্রতিনিধিবৃন্দ।

মেহেরপুরের পাটকেলপোতায় জামায়াতের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদি ইউনিয়নের পাটকেল পোতা গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৫টার দিকে পাটকেল পোতা গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল

হুসাইন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদরের সভাপতি আবুল হোসেন, বারাদি ইউনিয়নের আমির মাওলানা আছাদুল ইসলাম, সেক্রেটারি আব্দুর রাজ্জাক, পাটকেল পোতা ওয়ার্ড সভাপতি মাওলানা ফরিদউদ্দিন সহ বারাদি ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে বিএনপি’র চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

গতকাল রবিবার বিকাল ৪টায় গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে পৌঁছালে জয়পুর গ্রামের বিএনপি নেতা কর্মীরা তাকে স্বাগত জানান। তিনি বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন। এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়ন সহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে জনগণকে উৎসাহিত করেন তিনি।

এ সময় বাগোয়ান ইউনিয়নের গ্রামগুলোর বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকরা রাস্তার দুই ধারে দাঁড়িয়ে হাততালি দিয়ে তাকে স্বাগত জানান এবং আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে জাতীয়তাবাদী দলকে ক্ষমতায় নিয়ে আসার অঙ্গীকার করেন।

গণসংযোগকালে পথসভায় বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম নির্যাতন সহ্য করে আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন সংগ্রামের সফলতা নিয়ে আসব। বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট করে তার বিজয় সুনিশ্চিত করব।

এ সময় উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপি’র নেতাকর্মীবৃন্দসহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মাসুদ অরুণের গণসংযোগ ও পথসভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর বাজারে গণসংযোগ করেছেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

গতকাল রবিবার বিকেলে অনুষ্ঠিত এ গণসংযোগে মাসুদ অরুণ স্থানীয় ব্যবসায়ী, পথচারী ও সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন। এসময় তিনি আসন্ন জাতীয় নির্বাচনে ধানের শীষের পক্ষে থাকার আহ্বান

জানান।

গণসংযোগে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি প্রমুখ নেতৃবৃন্দ।

স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি’র বিকল্প নাই

আলমডাঙ্গায় নির্বাচনী প্রচার প্রচারণার অংশ হিসেবে পথসভায় উপস্তিত হলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।

আলমডাঙ্গা পৌরসভার হাজী মোড় ঘুরে চারতলার মোড় হয়ে আল তায়েবা মোড় থেকে আলিফ উদ্দিন রোড় শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্য বক্তব্য দেন। তিনি তার বক্তব্যে বলেন, বাংলার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি সরকারের কোন বিকল্প নেই। জনগণের পাশে থেকে নির্বাচন করতে হবে। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে গড়া দল বিএনপি’র পতাকা তলে সকলকে ঐক্যবদ্ধ করে ভোটে বিজয় ছিনিয়ে এনে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের হাত কে শক্তিশালী করতে হবে।

নির্বাচনী প্রচারণা ও পথসভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র ভাইস চেয়ারম্যান সহিদুল কাওনাইন টিলু মিঞা, সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম, সাবেক কৃষক দলের সভাপতি বোরহান উদ্দিন, জেলা যুবদলের সহ-সভাপতি মাগরিবুর রহমান, হারদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি মইনূল ইসলাম, নাগদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল ওহাব মাষ্টার, বারাদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল লতিফ, কুমারী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি বিল্লাল হোসেন, জাইদুল ইসলাম, আশাদুল মেম্বার, তৈয়ব মেম্বার। এছাড়া উপস্থিত ছিলেন, কালিদাশপুর ইউনিয়ন বিএনপি’র নেতা মইনোদ্দিন,

বেলগাছি ইউনিয়ন বিএনপি’র নেতা শরিফ উদ্দিন, আব্দুল মজিদ, ছাঁদ আলি, কামাল হোসেন, আব্দুল ওয়াহেদ, পান্না চৌধুরী, রফি মেম্বার, মালেক, হুমায়ুন, আলা উদ্দিন, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপি’র সন্টু মিঞা, আজিমুদ্দিন, রাশেদুল ইসলাম, ডালিম, রিমন, রাজা, খাদেমপুর ইউনিয়ন বিএনপি’র ডাউকি ইউনিয়ন বিএনপি’র ইউনোচ আলি, চিনিরোদ্দিন, হান্নান, বিল্লাল মাষ্টার, সেকেন্দার, যুবদল নেতা, সফিকুল আজম ডালিম, জাহাঙ্গীর, লিটন, সোহাগ, সেলিম, সালাম, আশরাফুল, রানা, রাসেল, আরিফ, দুদুল, শরিফুল মেম্বার, আতিয়ার, রাজশাহী মহানগর ছাত্রদলের সদস্য কাওনাইন রুবেল, কলেজ ছাত্রদলের আহ্বায়ক আশিকুর রহমান, সুমন আলি, নাজমুল হাসান, রিপন আলি সামিউল হাসান সানি, লিটন হাসান, সবুজ, সেজান, বাংলাদেশ গণতন্ত্র পরিষদের চপল, রাজু আহম্মেদ, হিমেল প্রমুখ।